

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

সরেজমিন বিভাগ, ঋণ শাখা

www.brdb.gov.bd

নম্বর- ৪৭.৬২.০০০০.৫০২.১৬.২৬৭.২০. ২৩০৬

তারিখ : ০৬/০২/২০২৪ খ্রি.

বিষয়: 'বিআরডিবি'র আওতায় পরিচালিত বিভিন্ন কর্মসূচির ৩০ জুন, ২০১০ এর পূর্বে বিতরণকৃত ঋণের সেবামূল্য মওকুফ নীতিমালা- ২০২১'র সময়সীমা বর্ধিতকরণ।


সূত্র: ১। ৪৭.৬২.০০০০.৫০২.১৬.২৬৭.২০.৫৬৩ তারিখ : ১৯/০১/২০২২ খ্রি।

২। ৪৭.৬২.০০০০.৫০২.১৬.২৬৭.২০.১৩২৪ তারিখ : ১৩/০২/২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'বিআরডিবি'র আওতায় পরিচালিত বিভিন্ন কর্মসূচির ৩০ জুন, ২০১০ এর পূর্বে বিতরণকৃত ঋণের সেবামূল্য মওকুফ নীতিমালা-২০২১'র মেয়াদকাল ০১/০২/২০২২ হতে ৩১/০১/২০২৩ খ্রি. পর্যন্ত নির্ধারণ করা হয়। পরবর্তীতে সূত্রোল্লিখিত ২ নং পত্র দ্বারা নীতিমালাটির মেয়াদকাল ৩১/০১/২০২৪ পর্যন্ত বর্ধিত করা হয়।

নির্ধারিত মেয়াদে কাজক্ষিত লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় এবং মাঠ পর্যায় হতে সেবামূল্য মওকুফ সুবিধার সময়সীমা বৃদ্ধির চাহিদার প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

১. বর্ণিত নীতিমালার মেয়াদকাল ৩১/০১/২০২৫ খ্রি. পর্যন্ত বর্ধিত করা হলো।
২. নীতিমালাটির অনুচ্ছেদ ৬.২ এবং পরিশিষ্ট-১ এর ২ নং ক্রমিকে বর্ণিত জাতীয় পরিচয়পত্রের তথ্য বাধ্যতামূলক না হয়ে তা 'ঐচ্ছিক' করা হলো।
৩. এতৎসংক্রান্ত ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদনটির ধারাবাহিকতা অব্যাহত থাকবে।
৪. ইহা অবিলম্বে কার্যকর হবে।



কাজী হোসনে আরা

(যুগ্মসচিব)

পরিচালক (সরেজমিন)

বিতরণ:

- ১। পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ২। পরিচালক, বিআরডিবিআই, সিলেট।
- ৩। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৪। কর্মসূচি পরিচালক/প্রকল্প পরিচালক/নির্বাহী পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা/রংপুর/গাইবান্ধা/ফরিদপুর।
- ৫। উপপরিচালক, জেলা দপ্তর, বিআরডিবি (সকল)।
- ৬। উপপরিচালক, প্রোগ্রামিং, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। সভাপতি, ইউসিসিএ লিমিটেড (সকল)।
- ৮। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি (সকল)।